# 132438 - যদি কোনো ডাক্তার রোগীদের চিকিৎসা করতে গিয়ে ক্লান্ত হয়ে পড়েন তার জন্য রোযা ভেঙ্গে ফেলা কি জায়েয?

প্রশ্ন

স্বাভাবিক অবস্থাগুলোতে কোনো ডাক্তার যদি রোগীদের চিকিৎসা দিতে গিয়ে ক্লান্ত হয়ে পড়েন তার জন্য রোযা ভেঙ্গে ফেলা কি জায়েয? কোনো অপারেশন করতে গিয়ে যখন দীর্ঘ সময় লেগে যায় সে ক্ষেত্রে হুকুম কি? জরুরী অবস্থার ক্ষেত্রে হুকুম কি ভিন্ন হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রোগীদের চিকিৎসা দেয়ার জন্য কোনো ডাক্তারের রোযা ভেঙ্গে ফেলা জায়েয নয়। তবে কোনো রোগীর অবস্থা সংকটাপন্ন হলে এবং তার চিকিৎসা করাটা চিকিৎসকের রোযা ভঙ্গ করার সাথে সম্পৃক্ত হলে সেটার হুকুম ব্যতিক্রম। এই ক্ষেত্রে ডাক্তারের রোযা ভেঙ্গে ফেলা জায়েয। কেননা সেটি একজন নিরপরাধ মানুষকে বাঁচানো।

আল্লাহ্‌ই তাওফিকের মালিক। আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি।

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ সালেহ আল-ফাওযান, শাইখ আব্দুল আযিয আলে-শাইখ, শাইখ বকর আবু যায়েদ।

ফাতাওয়াল লাজনাদ দায়িমা; আল-মাজমুআ’ আছ-ছানিয়া (৯/২০৩)